

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১৬০৫

আগরতলা ,২৫ অক্টোবর, ২০২৪

**টিনএজ গর্ভধারণের উপর ফোকাস গ্রুপ আলোচনা সভা**

উনকোটি জেলার কণিকা মেমোরিয়াল প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের সহযোগিতায় জলাই আয়ুর্হান আরোগ্য মন্দিরের উদ্যোগে রঙ বেরঙ অঙ্গনওয়াড়ি কেন্দ্রে গতকাল কিশোরী বা টিনএজ গর্ভধারণের উপর এক ফোকাস গ্রুপ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এই অনুষ্ঠানে অংশগ্রহণকারীদের মধ্যে স্বাস্থ্যকর্মীরা কিশোরী বয়সে বা টিনএজ গর্ভাবস্থার প্রভাব সম্পর্কে আলোচনা করেন। কিশোরী বয়সে বা টিনএজ গর্ভাবস্থার ফলে মায়ের কি কি ঝুঁকির সম্মুখীন হতে হয় সে বিষয়ে আলোকপাত করা হয়। স্বাস্থ্যকর্মীরা কিশোরী বয়সে বা টিনএজ গর্ভাবস্থা রুখতে প্রতিটি কিশোরীর অভিভাবকদের সজাগ দৃষ্টিভঙ্গী রাখার আহ্বান জানান। কিশোরী বয়সে বা টিনএজ গর্ভাবস্থা এড়ানোর পদ্ধতিগুলি নিয়েও এদিন বিস্তারিত আলোচনা করা হয়। কিশোরী বয়সে বা টিনএজ গর্ভধারণ যে কতটা বিপজ্জনক হতে পারে এবং এর প্রভাব আমাদের সমাজ ব্যবস্থায় কীভাবে অন্তরায় হয়ে দাঁড়াতে পারে এবিষয়ে স্বাস্থ্যকর্মীরা আলোচনা করেন। এদিন উক্ত সভায় কিশোরী বয়সে বা টিনএজ গর্ভধারণের উপর ভিডিও প্রদর্শনের মাধ্যমে সচেতন করেন। এই সভায় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের কমিউনিটি হেলথ অফিসার রূপা দাস, এমপিডব্লিও সমীরণ সুন্দী, স্বাস্থ্য সখি, আশাকর্মী ও অঙ্গনওয়াড়িকর্মী উপস্থিত ছিলেন। এদিন সভায় অংশগ্রহণকারীদের মধ্যে আলোচ্য বিষয়ের উপর কুইজ করা হয় ও সঠিক উত্তরদাতাদের পুরস্কৃত করা হয়। পরিশেষে সভায় উপস্থিত সকলের মধ্যে পুষ্টিকর খাবার প্রদান করা হয়। পরিবার কল্যান ও রোগ প্রতিরোধক দপ্তরের অধিকর্তা এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়েছেন।

\*\*\*\*\*